

106535 - যে ব্যক্তি রমযানের দিনের বেলায় সহবাস করেছে তার কাফফারা ও খাদ্য দানের পরিমাণ

প্রশ্ন

যে ব্যক্তি রমযানের দিনের বেলায় সহবাস করেছে তার কাফফারা কী? এবং খাদ্য দানের পরিমাণ কতটুকু?

প্রিয় উত্তর

“যদি কোন ব্যক্তি রমযানের দিনের বেলায় স্ত্রী-সহবাস করে তাহলে তাদের প্রত্যেকের উপর কাফফারা আদায় করা ওয়াজিব। কাফফারা হল: একজন মুমিন দাস মুক্ত করা। যদি তারা তা করতে অক্ষম হয় তাহলে তাদের প্রত্যেকের উপর লাগাতরভাবে দুইমাস রোযা রাখা ওয়াজিব। যদি তারা লাগাতরভাবে দুই মাস রোযা রাখতে অক্ষম হয় তাহলে তাদের উপর ষাটজন মিসকীনকে খাদ্য খাওয়ানো ওয়াজিব। দাস মুক্ত করা ও সিয়াম পালনে অক্ষম হলে তাদের উপর ষাটজন মিসকীনকে দেশীয় খাদ্য খাওয়ানো ওয়াজিব হবে; তাদের প্রত্যেকের পক্ষ থেকে ত্রিশ সা’ দেশীয় খাদ্য দিতে হবে। প্রত্যেক মিসকীনকে এক সা’। অর্ধ সা’ স্বামীর পক্ষ থেকে; অর্ধ সা’ স্ত্রীর পক্ষ থেকে। এবং যেই দিন সহবাস সংঘটিত হয়েছে সেই দিনের রোযাটি কাযা পালন করতে হবে। এর সাথে আল্লাহর কাছে তাওবা করা, আল্লাহর দিকে ফিরে আসা, অনুশোচিত হওয়া, গুনাহটি ছেড়ে দেয়া ও ইস্তিগফার করা তাদের উপর ওয়াজিব হবে। কেননা রমযানের দিনের বেলায় সহবাস করা মহা অন্যায়। যাদের উপর রোযা রাখা আবশ্যিক তাদের জন্য এ মহা অন্যায় লিপ্ত হওয়া নাজায়েয।”[শাইখ বিন বাযের ফতোয়াসমগ্র (১৫/৩০২)]

এর ভিত্তিতে: গরীব মানুষকে প্রদেয় খাদ্যের পরিমাণ অর্ধ সা’ চাল বা অন্য কিছু। অর্থাৎ প্রায় দেড় কিলোগ্রাম।